



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



### সংশোধিত

স্মারক নং-এসইডিপি/ডিএনসি/মন্ত্রণালয় ও যোগাযোগ/০১/২০২৩/২৩৩

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয় : জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষক নির্বাচনের জন্য আবেদন গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (সাধারণ/মাদ্রাসা/কারিগরি/সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযুক্ত মাধ্যমিক শাখা) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত ৮ম ও ৯ম শ্রেণিতে পাঠ্যপুস্তক এর সাহায্যে শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। আমরা জানি, নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষক/কর্মকর্তাগণকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষক হতে আগ্রহী মাধ্যমিক পর্যায়ে (সাধারণ/মাদ্রাসা/কারিগরি) শিক্ষা কার্যক্রমের সাথে যুক্ত শিক্ষক (যাদের পিডিএস/ইনডেক্স নম্বর রয়েছে/স্থায়ী নিয়োগ) এবং কর্মকর্তার ক্ষেত্রে, সহকারী পরিদর্শক / গবেষণা কর্মকর্তা/ উপজেলা একাডেমিক সুপারভাইজারগণের নিকট হতে আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করা হবে (নির্দেশিকা সংযুক্ত)। প্রশিক্ষক হতে আগ্রহী সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তাগণকে [www.emis.gov.bd](http://www.emis.gov.bd) ওয়েবসাইটে NCF মডিউলে 'প্রশিক্ষকগণের জন্য আবেদন ফরম' লিংকের মাধ্যমে নিম্নবর্ণিত ছকের সময়সীমা অনুযায়ী আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পর্যায়	আবেদনের সময়সীমা
১	জেলা পর্যায়ের প্রশিক্ষক	২৪ সেপ্টেম্বর - ২৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.
২	উপজেলা পর্যায়ের প্রশিক্ষক	২৭ সেপ্টেম্বর - ১ অক্টোবর, ২০২৩ খ্রি.

বি : দ্র :

- মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে (সরকারি/বেসরকারি/শিক্ষা প্রতিষ্ঠান যাদের ইআইআইএন নম্বর আছে) তাঁর প্রতিষ্ঠানের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনে যোগ্য শিক্ষকগণকে আবেদন করার বিষয়ে উৎসাহিত করার জন্য অনুরোধ করা হলো।
- একজন শিক্ষক/কর্মকর্তা শুধু একটি পর্যায়ের প্রশিক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

**বিষয়টি অতীব জরুরি।**

সংযুক্তি :

- প্রশিক্ষকদের জন্য আবেদন করার নির্দেশিকা

  
22/09/2023  
**(মোসা : আইরিন হক)**


সহকারী পরিচালক  
ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ :

- জেলা শিক্ষা অফিসার (সকল) (তঁর আওতাধীন জেলার সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ);
- উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তঁর আওতাধীন উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ);
- সহকারী প্রোগ্রামার (সকল জেলা) (প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ);

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ন্যাশনাল প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. পরিচালক (সকল), মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৮. সদস্য, শিক্ষাক্রম, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা;
৯. পরিচালক (সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তৌর আওতাধীন অঞ্চলে প্রচারণার অনুরোধসহ);
১০. উপপরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তৌর আওতাধীন অঞ্চলের সকল জেলায় প্রচারণার অনুরোধসহ);
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (অফিস আদেশটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ আকারে প্রচারের অনুরোধসহ) ;
১২. ফোকাল পয়েন্ট, ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৪. পিএ টু স্কিম পরিচালক, ডিএনসি স্কিম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৫. অফিস নথি।

  
22/09/2023  
(মোসা : আইরিন হক)

সহকারী পরিচালক  
ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।